বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board

নবায়নযোগ্য জ্বালানি পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমী ভবন (৮ম তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
Phone: +880-2-8900370
E-mail: renewableenergy.breb@gmail.com

স্মারক নং: ২৭.১২.০০০০.১১৯.৭৪.০০১.২২. ৪৭৬

তারিখ: ১৩ কার্তিক' ১৪৩০ বঙ্গাব্দ।
২৯ অক্টোবর' ২০২৩ খ্রিষ্টাব্দ।

**নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপন সংক্রান্ত বিদ্যুৎ বিভাগের সংশোধিত পরিপত্র সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

সূত্র: বিদ্যুৎ বিভাগের স্মারক: ২৭.০০.০০০০.০৯৬.১৪.০১৩.২২.১১৯; তারিখ: ২৩ অক্টোবর' ২০২৩খ্রিঃ

১। অফিস প্রধান, সকল দপ্তর/পরিদপ্তর/কার্যালয়, বাপবিবো, ঢাকা।
২। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পবিস।
৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৪। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/ পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

(অসিত কুমার ভৌমিক)
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ-১ শাখা
www.powerdivision.gov.bd

নম্বর-২৭.০০.০০০০.০৯৬.১৪.০১৩.২২-১১৮

তারিখ: ০৭ কার্তিক ১৪৩০ / ২৩ অক্টোবর ২০২৩

## সংশোধিত পরিপত্র

বিষয়: নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইতোমধ্যে বিদ্যুৎ বিভাগ থেকে জারিকৃত নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে ভবনে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নির্দেশনাসমূহ বাতিলপূর্বক নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের সময় নেট মিটারিং পদ্ধতিতে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ভবনের ছাদে কমপক্ষে ১০০০ বর্গফুট জায়গা থাকলে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার প্যানেল স্থাপন করতে হবে। এক্ষেত্রে:

১। আবাসিক গ্রাহক:

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে গ্রাহক আগ্রহী হলে রুফটপ সোলার সিস্টেম স্থাপন করতে পারবে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

২। শিল্প ও বাণিজ্যিক গ্রাহক:

১০ বা তদূর্ধ্ব কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত বিদ্যুৎ গ্রাহকগণের অনুমোদিত লোডের ১০% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে স্থাপন করতে হবে। তবে অনূর্ধ্ব ১০ কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকগণ আগ্রহী হলে রুফটপ সোলার সিস্টেম বসাতে পারবেন এবং স্থাপিত সিস্টেমের ক্ষমতা ১ কিলোওয়াটের (১০০০ ওয়াট) বেশি হলে নেট মিটারিং নির্দেশিকা অনুসরণে তা করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও দাতব্য প্রতিষ্ঠান:

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে প্রতিষ্ঠান আগ্রহী হলে সোলার সিস্টেম স্থাপন করতে পারবে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ১ (এক) কিলোওয়াটের (১০০০ ওয়াট) নেট মিটারিং সিস্টেম স্থাপন করতে হবে।

চলমান পাতা-০২

৪। ইতোমধ্যে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকগণ যারা বরাদ্দকৃত লোড বৃদ্ধি করতে চান তাদেরকেও অতিরিক্ত অনুমোদিত লোডের উপর উল্লিখিত হার অনুযায়ী সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

৫। গত ২৩ আগস্ট ২০২৩ তারিখ ২৭.০০.০০০০.০৯৬.১৪.০১৩.২২-১০৫ স্মারকে জারিকৃত পরিপত্রটি সংশোধনক্রমে এ সংশোধিত পরিপত্র জারি করা হলো।

৬। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/১০/২৩
(মো: মাহবুবুর রহমান)
উপসচিব
ইমেইল: dsre@pd.gov.bd

**বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), আইইবি ভবন, রমনা, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ (ডেসকো), ২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, ৩৫, বয়রা মেইন রোড, বয়রা, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ (নেসকো), বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

০১। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ।
০২। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner